

খেলা

ব্রাজিল জাতীয় দলকে বিদায় বললেন নেইমার

প্রতিবেদক: ক্রীড়া ডেস্ক

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



ছবি: সংগৃহীত

ব্রাজিল জাতীয় ফুটবল দলের হয়ে আর খেলবেন না নেইমার জুনিয়র। ১৬ বছরের আন্তর্জাতিক ক্যারিয়ারের ইতি টানার ঘোষণা দিয়েছেন দেশটির ইতিহাসের সর্বোচ্চ গোলদাতা এই তারকা ফুটবলার।

মঙ্গলবার (২৮ জুলাই) কোপা সুদামেরিকানায় ভেনেজুয়েলার ইউনিভার্সিডাদ সেন্ট্রালকে ৪-২ গোলে হারানোর পর নিজের ভবিষ্যৎ নিয়ে কথা বলেন ৩৪ বছর বয়সী নেইমার। সেখানেই তিনি জাতীয় দল থেকে বিদায়ের সিদ্ধান্ত নিশ্চিত করেন।

নেইমার বলেন, "জাতীয় দলের সঙ্গে আমার পথচলা শেষ। আমি ইতিহাস গড়েছি, অনেক ভালো মুহূর্ত পেয়েছি। হলুদ জার্সির জন্য নিজের রক্ত, জীবন সবকিছু উজাড় করে দিয়েছি। কিন্তু এখন আর চালিয়ে যেতে চাই না।"

২০২৬ ফিফা বিশ্বকাপে শিরোপার স্বপ্ন নিয়ে খেলতে নেমেছিল ব্রাজিল। তবে শেষ ষোলোতে নরওয়ের কাছে হেরে বিদায় নেয় দলটি। সেই ম্যাচেই পেনাল্টি থেকে গোল করেছিলেন নেইমার। বিশ্বকাপ শেষে তিনি জাতীয় দল থেকে সরে দাঁড়ানোর ইঙ্গিত দিয়েছিলেন। এবার আনুষ্ঠানিকভাবেই বিদায়ের ঘোষণা দিলেন।

২০১০ সালে মাত্র ১৮ বছর বয়সে ব্রাজিলের জার্সিতে অভিষেক হয় নেইমারের। দীর্ঘ আন্তর্জাতিক ক্যারিয়ারে তিনি ১৩০টি ম্যাচে ৮০টি গোল করেন এবং ৫৯টি অ্যাসিস্ট দেন। দেশের ইতিহাসে সর্বোচ্চ গোলদাতা হলেও বিশ্বকাপ কিংবা কোপা আমেরিকার শিরোপা জয়ের স্বপ্ন পূরণ হয়নি তার।

জাতীয় দলকে বিদায় জানালেও ক্লাব ফুটবল চালিয়ে যাবেন নেইমার। ইউনিভার্সিটাদ সেন্ট্রালের বিপক্ষে বদলি হিসেবে নেমে সান্তোসের জয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন তিনি। এই জয়ে কোপা সুদামেরিকার শেষ ষোলো নিশ্চিত করেছে সান্তোস। পরের পর্বে তাদের প্রতিপক্ষ হবে ইকুয়েডরের মাকারা।

সম্প্রতি সতীর্থদের অপমান করেছেন এমন অভিযোগও নাকচ করেছেন নেইমার। সংবাদমাধ্যমে প্রকাশিত খবরকে "সম্পূর্ণ মনগড়া" দাবি করে তিনি বলেন, ম্যাচের পর তিনি শুধু দলের আরও ভালো খেলার প্রয়োজনীয়তার কথা বলেছিলেন। অধিনায়ক হিসেবে সেটিই ছিল তার দায়িত্ব।

এ বিভাগের আরও খবর



শ্রীলঙ্কার কাছে হেরে রোজুও খোয়াল বাংলাদেশ
স্বপ্ন ছিল সোনার হাসি হাসার। এশিয়ান গেমসে খেলতে যাওয়ার আগে এমন স্বপ্নের কথাই জানিয়েছিলেন অধিনায়ক লিটন দাস। তবে সেই স্বপ্ন জো পূরণ হয়নি, এমন...



এশিয়ান গেমসে আফগানিস্তানকে হারাল নেপাল
এশিয়ান গেমসের পুরুষ ক্রিকেটে আফগানিস্তানকে ৫ উইকেটে হারিয়েছে নেপাল। ডিসেম্বর জাপানের নিশিনে অনুষ্ঠিত ম্যাচে ১০৩ রানের লক্ষ্য তারা ছুঁয়ে ফ...



ব্যালন ডি'অর জয়ী ফুটবলারকে নির্বাচন করা হয় যেভাবে
চলতি বছরের ব্যালন ডি'অর কার হাতে উঠবে, তা নিয়ে ফুটবলবিশ্বে চলছে নানা আলোচনা। পুরস্কার ঘোষণার সময় যত খনিরে
আসছে, ততই সামনে আসছে একটি পুরোনো প...



নারী এশিয়া কাপে ইন্দোনেশিয়াকে ৭১ রানে হারাল বাংলাদেশ
নারী এশিয়া কাপে দারুণ জয় দিয়ে অভিযান শুরু করেছে বাংলাদেশ। নিগার সুলতানা জ্যোতির দল প্রথম ম্যাচে ইন্দোনেশিয়াকে
৭১ রানে হারিয়েছে। আগে ব্য...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/sports/brazil-jatiy-dlke-biday-bllen-neimar>